# হজ উমরা ও যিয়ারত

বিভাগ/অধ্যায়ঃ ষষ্ঠ অধ্যায় : হজের মূল পর্ব

রচয়িতা/সঙ্কলকঃ ইসলামহাউজ.কম

হাদী যবেহ বা কুরবানী করার ফযীলত

বিভিন্ন হাদীসে হাদী যবেহ করার ফযীলত বর্ণিত হয়েছে। যেমন,

- ঐ হজই সবচে' উত্তম যাতে হাদী বা কুরবানীর জন্তুর রক্ত প্রবাহিত করা হয়। রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে প্রশ্ন করা হয়েছিল, কোন হজ সবচে' উত্তম? উত্তরে তিনি বললেন,

الْعَجُّ ، وَالثَّجُّ

'তালবিয়া দ্বারা স্বর উচ্চ করা এবং পশুর রক্ত প্রবাহিত করা।'[1]

- পশুর রক্ত প্রবাহিত করার সওয়াব আল্লাহ্‌র কাছে সংরক্ষিত থাকবে। হাদীসে এসেছে, রাসূলুল্লার সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন,

«وَأَمَّا نَحْرُكَ ، فَمَذْخُورٌ لَكَ عِنْدَ رَبِّكَ»

'আর তোমার (দ্বারা) পশুর রক্ত প্রবাহিত করা, তা তো আল্লাহর কাছে তোমার জন্য গচ্ছিত থাকবে।'[2]

- রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম নিজেও পশু যবেহ করেছেন। হাদীসে এসেছে,

«وَنَحَرَ النَّبِى صلى الله عليه وسلم بِيَدِهِ سَبْعَ بُدْنٍ قِيَامًا».

'নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম নিজ হাতে সাতটি উট দাঁড়ানো অবস্থায় নহর (যবেহ) করলেন।'[3]

সুতরাং পশু যবেহ করা উত্তম কাজ। রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম নিজেও সেটা করেছেন এবং তা করতে উদ্বুদ্ধ করেছেন।

ফুটনোট

[1]. তিরমিযী : ৮২৭।

[2]. মুসান্নাফে আবদির রাযযাক : ৫/১৬।

[3]. বুখারী : ১৭১৪। অন্য বর্ণনা মতে তিনি ৬৩টি হাদী নিজ হাতে যবেহ করেছেন। মুসলিম : ১২১৭।

Source — https://www.hadithbd.com/books/link/?id=7415

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন